এফসিবিকে টাইব্রেকারে হারিয়ে শিরোপা নিলো মোনাখালী ইউনিয়ন একাদশ

মেহেরপুরে প্রথমবারের মতো শুরু হওয়া “মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩” এর পর্দা নেমেছে। মেহেরপুর সরকারি কলেজ ফুটবল মাঠে “মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩” এই আয়োজন শুরু হয়েছিল ২ জুন।

গতকাল শনিবার (১ জুলাই) বিকালে দর্শকদের মাঝে টান টান উত্তেজনা, আক্রমন পাল্টা আক্রমনের মধ্য দিয়ে মেহেরপুর স্টেডিয়ামে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর প্রতিযোগিতার পর্দা নামলো।



ফাইনাল খেলায় মোনাখালী ইউনিয়ন একাদশ ও ফাস্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি) অংশ নেয়। ফাইনালে নির্ধারিত সময়ের খেলা ১-১ গোলে ড্র থাকলে টাইব্রেকারে গড়ায় ম্যাচ। ভাগ্য নির্ধারণী টাইব্রেকারে ৩-২ গোলে এফসিবিকে হারিয়ে মোনাখালী ইউনিয়ন একাদশ চ্যাম্পিয়ন শিরোপা জিতে নেন।

টুর্নামেন্টের ম্যান অফ দি ম্যাচ ও ম্যান অফ দি টুর্নামেন্ট নির্বাচিত হন মোনাখালী ইউনিয়ন একাদশের গোলরক্ষক সুমন আহম্মেদ এবং সর্বোচ্চ গোলদাতা নির্বাচিত হয়েছেন বাওট শাপলা ক্লাবের অধিনায়ক সেলিম রেজা।



খেলা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর পৌর

সভার সাবেক চেয়ারম্যান ও কৃতি ফুটবলার আব্দুর রহমান, আনিশা গ্রুপ ও রাজধানী টিভির চেয়ারম্যান এমএএস ইমন, রাঙামাটির যুগ্ম জেলা জজ ও মেহেরপুরের কৃতি সন্তান মিল্টন হোসেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম।



এসময় মেহেরপুর পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইমতিয়াজ বিন হারুন জুয়েল, জনতা ব্যাংকের সাবেক এজিএম ও কৃতি ফুটবলার আব্দুস সামাদ, সাবেক সহকারি অধ্যাপক ও কৃতি খেলোয়াড় শামীম বসির, প্রিমিয়াম সুইটস এর কান্ট্রি ডিরেক্টর মাহবুবুর রহমান বকুল,বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কার্ডিওলজি রেসিডেন্ট ডা. সজীব উদ্দীন স্বাধীন উপস্থিত ছিলেন।

টুর্নামেন্টে চ্যাম্পিয়ন দল মোনাখালী ইউনিয়ন একাদশকে ৫০ হাজার টাকার প্রাইজমানি ও ট্রপি এবং রানার্স আপ দলকে ৩০ হাজার টাকার প্রাইজমানি ও ট্রপি তুলে দেওয়া হয়। এছাড়া সেমিফাইনালে অংশ নেওয়া দুটি দল বাগোয়ান ইউনিয়ন একাদশ ও বাওট শাপলা ক্লাবকে ৫ হাজার টাকার প্রাইজমানি তুলে দেওয়া হয়।



এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, টুর্নামেন্টের আহবায়ক এমদাদুল হক, সদস্য সচিব মাহাবুব চান্দু, নির্বাহী সদস্য মাসুদ করিম ধলস, মনিরুল ইসলাম মনি, আনোয়ারুল হক কালু, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামীম জাহাঙ্গীর সেন্টু, সামসুজ্জামান শামীম, আমিরুল ইসলাম অল্ডাম, মনিরুজ্জামান মঞ্জা, ইয়ারুল ইসলাম ও সেলিম রেজা।

খেলায় রেফারি ছিলেন, আব্বাছ উদ্দীন, সহকারি রেফারি ছিলেন, মাহবুব হোসেন ও সোহেল রানা।

এফসিবি’র প্রতিপক্ষ মোনাখালি ইউনিয়ন একাদশ

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সেমিফাইনাল খেলায় বাওট শাপলা ক্লাবকে ২-০ গোলের ব্যবধানে হারিয়ে ফাইনালে মোনাখালি ইউনিয়ন একাদশ।

গতকাল মঙ্গলবার বিকালে মেহেরপুর সরকারি কলেজ মাঠে এই উত্তেজনাপূর্ণ খেলাটি অনুষ্ঠিত হয়।

উত্তেজনাপূর্ণ খেলার প্রথম অর্ধের ১৩ মিনিটের সময় মোনাখালি ইউনিয়ন একাদশের পক্ষে দলীয় স্ট্রাইকার গাফ্ফারের দৃষ্টিনন্দন গোলে এগিয়ে যায় দলটি। এরপর দ্বিতীয় অর্ধের ২৮ মিনিটের সময় আরেকটি গোল দেন মোনাখালি ইউনিয়ন একাদশের ফরোয়াড শোভন।

তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই একাধিক করে গোল সুযোগ হারান।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন মোনাখালি ইউনিয়ন ফুটবল একাদশের পক্ষে ফরোয়াড আব্দুল গাফ্ফারকে। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সভাপতি এমদাদুল হক, মেহেরপুর সকারি কলেজের অবসরপ্রাপ্ত শারীরিক শিক্ষক ও প্রাক্তন খেলোয়াড় রমজান আলী, অবসরপ্রাপ্ত কৃতি ফুটবলার ও মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র আব্দুর রহমান, অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা ও প্রাক্তন খেলোয়া আব্দুস সালাম, মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের সদস্য সচিব মাহাবুব চান্দু, প্রাক্তন খেলোয়াড় আমিরুল ইসলাম অল্ডাম।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, খেলা

পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, মনিরুজ্জামান মনি, মুস্তারুল ইসলাম মঞ্জা, শামীম জাহাঙ্গীর সেন্টু, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন সোহেল রানা। তাকে সহযোগীতা করেন আব্বাছ উদ্দীন ও মনিরুল ইসলাম। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন ইয়ারুল ইসলাম। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন। উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল ১ জুলাই ফাইনাল খেলা একই মাঠে মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়ন একাদশ ও ফাস্ট ক্যাপিট্যাল আব বাংলাদেশ (এফসিবি) মধ্যে লড়াই হবে।

বাগোয়ান ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে হারিয়ে এফসিবি ফাইনালে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের সেমি ফাইনালে বাগোয়ান ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে হারিয়ে ফাস্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি) ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

আজ সোমবার বিকালে মেহেরপুর সরকারি ফুটবল মাঠে চরম উত্তেজনাপূর্ণ খেলাটি অনুষ্ঠিত হয়। এতে ফুটবল মাঠের চারপাশে কানায় কানায় দর্শকদের বাধ ভাঙ্গা উচ্ছাস ছিল।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এ অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্ট এ টানটান উত্তেজনাপূর্ণ খেলায় ৪ গোল করে বিজয়ী হয়ে টুর্নামেন্ট ফাইনাল খেলায় অংশগ্রহণ নিশ্চিত করেছে ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবি)। গতকার সোমবার মেহেরপুর সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত সেমিফাইনাল খেলায় নির্ধারিত সময়ের প্রথমার্ধের ১২ মিনিটের সময় এফসিবি’র ফরোয়ার্ড রুমন একটি গোল করে তার দলকে এগিয়ে নেন। এরপর ১৪ মিনিটের সময় সাইক আরও একটি গোল

করে এফসিবিকে ২-০ গোলে এগিয়ে থাকে। পরে বাগোয়ান ইউনিয়ন একাদশের পক্ষে ২৫ মিনিটের সময় ফরোয়ার্ড সবুজ একটি দৃষ্টিনন্দন গোল করে নিজ দলকে কিছুটা এগিয়ে নেন। খেলার দ্বিতীয়ার্ধের ১৩ মিনিটের সময় এফসিবি’র রুমন আরও একটি গোল করেন। পরে অতিরিক্ত টাইমের শেষ মিনিটে এফসিবি’র তানিন সরকার আরও একটি গোল করে তাদের ঝুলিতে ৪ টি গোল যুক্ত করেন।

খেলায় বাগোয়ান ইউনিয়ন একাদশ ৩ টি গোল করার সুযোগ পেলেও গোল দিতে ব্যার্থ হন।

খেলায় এফসিবি’র অধিনায়ক শাকিল বিচারকদের বিবেচনায় শাকিল ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হওয়ায় টুর্নামেন্টের পক্ষ থেকে একটি জার্সি উপহার দেওয়া হয়। এছাড়া খেলায় এফসিবির পক্ষে রুমন দুটি গোল দেওয়ায় লালন শাহ বালি ভান্ডারের পক্ষ থেকে একটি জার্সি উপহার দেওয়া হয়।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উপদেষ্টা মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত ক্রীড়া শিক্ষক মো: রমজান আলী, সাবেক মেয়র ও কৃতি ফুটবলার আব্দুর রহমান, বিএম স্কুলের প্রাক্তন শিক্ষক ও প্রাক্তন কৃতি ফুটবলার আব্দুর রহমান, জনতা ব্যাংকের অবসরপ্রাপ্ত এজিএম ও প্রাক্তন কৃতি ফুটবলার আব্দুস সামাদ, সাবেক ফুটবলার আমিরুল ইসলাম অল্ডাম ও খেলার সদস্য সচিব মাহাবুব চান্দু ম্যান অফ দ্যা ম্যাচ শাকিলের হাতে জার্সি তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিন ফুটবল টুনার্মেন্টের আহবায়ক এমদাদুল হক, প্রাক্তন ফুটবলার আব্দুস সালাম, মাসুদ করিম ধলস, শামীম হোসেন, আজমাইন হক, সামসুজ্জামান শামীম, মনিরুল ইসলাম মনি, আনোয়ারুল হক কালু, শামীম জাহাঙ্গীর সেন্টু, জাহাঙ্গীর আলম, ইয়ারুল ইসলাম।

আগামীকালকের খেলা দ্বিতীয় সেমি ফাইনাল গাংনী উপজেলার বাওট শাপলা ক্লাব ও মোনাখালি ইউনিয়ন একাদশ।

খেলাটি এক যোগে প্রচারিত হবে, রাজধানী টিভি, রেডিও পায়রা, মেহেরপুর প্রতিদিন ফেসবুক পেইজ।

# [redacted]

[redacted]

# [redacted] [redacted] [redacted] ([redacted]) [redacted]!

[redacted] [redacted] [redacted] [

রানা। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল আহমেদ। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার হাজারো ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল ১৪ জুন, দ্বিতীয় রাউন্ডের ২য় খেলা মোনাখালি ইউনিয়ন একাদশ বনাম শালিকা ট্রাইগার ক্লাব। সময়: বিকাল ৪ টা।

খেলাটি একযোগে রাজধানী টিভি, রেডিও পায়রা, মেহেরপুর প্রতিদিনের ফেসবুক থেকে সরাসরি লাইভ দেখানো হবে।

কাঁথুলি ইউপি একাদশকে হারিয়ে বাগোয়ান ইউপি একাদশ দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ৭ম দিনের খেলায় গাংনী উপজেলার কাঁথুলি ইউনিয়ন একাদশকে ৩-০ গোলে হারিয়ে মুজিবনগরের বাগোয়ান ইউনিয়ন একাদশ দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ১৫ মিনিটের সময় বাগোয়ান ইউনিয়ন ফুটবল একাদশের পক্ষে ১১ নং জার্সি পরিহিত ফরোয়ার্ড সবুজ দৃষ্টিনন্দন গোল করে দলকে এগিয়ে নেন। এরপর একই দলের ৯ নং জার্সি পরিহিত ফরোয়ার্ড অনিছুর রহমান ৪৩ মিনিটের সময় ১ ও দ্বিতীয় অর্ধের ১২ মিনিটের সময় তৃতীয় গোলটি করেন। তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই কয়েকটি করে গোল করার সুযোগ হারান।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন বাগোয়ান ইউনিয়ন ফুটবল একাদশের পক্ষে ফরোয়ার্ড আনিছুর রহমান। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়। এছাড়া লালন শাহ বালি ভান্ডারের পক্ষ থেকে একটি টি শার্ট

উপহার দেওয়া হয়।

আনিছের হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু ও সম্পাদক ইয়াদুল মোমিন ।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের উপদেষ্টা কমিটির সদস্য, জনতা ব্যাংকের অবসরপ্রাপ্ত এজিএম আব্দুস সামাদ, টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক ও খেলা কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সহ-সভাপতি নাসের চৌধুরী, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, আমিরুল ইসলাম অল্ডাম, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামীম জাহাঙ্গীর সেন্টু, মাহাবুব হাসান ডালিম উপস্থিত ছিলেন।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর আব্বাছ উদ্দীন। তাকে সহযোগীতা করেন গাংনীর মাহাবুব রহমান ও মনিরুল ইসলাম। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল আহমেদ। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল ১১ জুন, ৮ম ম্যাচে একই মাঠে বিকাল ৪ টার সময় মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন একাদশ ও গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন বাওট শাপলা ক্লাবের মধ্যে লড়াই হবে।

খেলাটি একযোগে রাজধানী টিভি, রেডিও পায়রা, মেহেরপুর প্রতিদিনের ফেসবুক থেকে সরাসরি লাইভ দেখানো হবে।

চিৎলা জাগরণী ক্লাবকে

ট্রাইবেকারে হারিয়ে গোলাম রহমান স্মৃতি সংঘ দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর চতুর্থ দিনের খেলায় গাংনীর চিৎলা জাগরণী ক্লাবকে ট্রাইবেকারে ৭-৬ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে গোলাম রহমান স্মৃতি সংঘ।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ৫ মিনিটের সময় গোলাম রহমান স্মৃতি সংঘের খেলোয়াড় সাব্বির হোসেন দৃষ্টিনন্দন গোল করে দলকে এগিয়ে নেন। এরপর ২৫ মিনিটের সময় গোলাম রহমান স্মৃতি সংঘের খেলোয়াড় ডি বক্সের মধ্যে হ্যান্ড করায় পেনাল্টি পেয়ে গোলটি শোধ করে চিৎলা জাগরণী ক্লাব। খেলায় দু দলই একাধিক সুযোগ পেলেও কোনো গোলের দেখা পায়নি।

অবশেষে সরাসরি ট্রাইবেকারে গড়ায় দু দলই। দু দলকে প্রথম ৫ টি করে বল দেওয়া হয়। সেখানেও ৫ টি করে গোল করে দু দল। পরে আরো একটি করে বল দেওয়া হয় সেখানেও ব্যার্থ হয় দুই দল। পেনাল্টির ৩য় দফায় গোলাম রহমান এক গোলে এগিয়ে থেকে জয়ের মালা ছিনিয়ে নেয়। অবেশেষে খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন গোলাম রহমান স্মৃতি সংঘের ফরোয়ার্ড সাব্বির। তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সভাপতি এমদাদুল হক ও সদস্য মাহবুব হাসান ডালিম।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য মাসুদ করিম ধলস, শামীম জাহাঙ্গীর সেন্টু, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন ঝিনাইদহ থেকে আসা রবিউল ইসলাম। তাকে সহযোগীতা করেন গাংনীর আব্বাছ আলী ও মুজিবনগরের সোহেল আহম্মেদ। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল রহমান। উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত

ছিলেন।

আগামী ৮ জুন পঞ্চম ম্যাচে একই মাঠে সদর উপজেলার কোলা ইলেভেন স্টার ক্লাব ও ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবি) লড়াই করবে।

কুতুবপুর ইউনিয়ন একাদশকে হারিয়ে শালিকা টাইগার ক্লাব দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর দ্বিতীয় দিনের খেলায় কুতুবপুর ইউনিয়ন একাদশকে ১-০ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে শালিকা টাইগার ক্লাব।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধে দুটি দলই চাপ সৃষ্টি করলেও জালে কেউ গোল দিতে পারেনি। দ্বিতীয় অর্ধের ৪ মিনিটের সময় শালিকা টাইগার ক্লাবের ৯ নং জার্সি পরিহীত জুয়েল দুর থেকে একটি দৃষ্টি নন্দন শট দিয়ে সোজা গোল পোষ্টের জালে প্রবেশ করান। দু দলই একাধিকবার গোলা করার সুযোগ পেলেও তারা ব্যার্থ হয়।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন শালিকা টাইগার ক্লাবের ফরোয়ার্ড জুয়েল। তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমন ও জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমীন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য মাসুদ করিম ঢলস, আমিরুল ইসলাম অল্ডাম। রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন ঝিনাইদহ থেকে আসা রবিউল ইসলাম, গাংনীর মাহবুবুর রহমান ও মুজিবনগরের সোহেল আহম্মেদ। খেলায় চতুর্থ রেফারি হিসেবে ছিলেন, মেহেরপুরের কৃতি ফুটবলার ইয়ারুল

ইসলাম।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামী ৫ জুন সোমবার ৩য় ম্যাচে একই মাঠে আমঝুপি ক্লাব ও লাইব্রেরী এবং শ্যামপুর ইউনিয়ন একাদশ লড়াই করবে।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট

উপলক্ষে উদ্বোধনী শোভাযাত্রা

বাদ্যের তালে তালে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উদ্বোধন উপলক্ষে মেহেরপুর শহরে জমকালো উদ্বোধনী শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল সাড়ে ১১ টার সময় উদ্বোধনী শোভাযাত্রাটি মেহেরপুর টাউন হল থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দৈনিক মেহেরপুর প্রতিদিন অফিসে এসে শেষ হয়।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আহবায়ক প্রবীণ খেলোয়াড় এমদাদুল হকের নেতৃত্বে অনুষ্ঠিত উদ্বোধনী শোভাযাত্রায় উপস্থিত ছিলেন, মেহেরপুরের কৃতি ও প্রবীন খেলোয়ার মাসুদ করিম ধলস, আনোয়ারুল হক কালু, মাহবুবুল হক মন্টু, আমিরুল ইসলাম অল্ডাম, মনিরুল ইসলাম, শামীম জাহাঙ্গীর সেন্টু, জাহাঙ্গীর হোসেন, মিঠু ইসলাম, মাহবুব হোসেন ডালিম, আজমাইন হোসেন, সাইফুল আযম তাপস, মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সদস্য সচিব মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, স্টাফ রিপোর্টার এস এ সাদিক, আবু রায়হান নীরবসহ বিভিন্ন শ্রেনী পেশার উপস্থিত ছিলেন।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট জমকালো আয়োজনে উদ্বোধন ২ জুন

মেহেরপুর ফুটবলের ইতিহাসে শতাব্দীর সেরা টুর্নামেন্ট উপহার দিতে চাই মেহেরপুর প্রতিদিন। “এসো ফিরি খেলার মাঠে” শ্লোগান নিয়ে আগামী ২ জুন শুক্রবার মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। এই টুর্নামেন্টেকে ঘিরে এলাকায় উচ্ছাস উদ্দীপনা ও উৎসব মুখর পরিবেশ সৃষ্টি হয়েছে।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ এর আহবায়ক এমদাদুল হক বলেন, টুনাামেন্টে জেলার বিভিন্ন এলাকার ১৬টি ফুটবল দল অংশ নিচ্ছে। এই টুর্নামেন্টটি হবে মেহেরপুর জেলার ফুটবলের ইতিহাসের সেরা টুর্ণামেন্ট। টুর্ণামেন্টকে ঘীর আয়োজক কমিটির পক্ষ থেকে ইতোমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। আয়োজনের শুরুতেই থাকবে জমকালো উদ্বোধন।

মেহেরপুর সরকারি কলেজ মাঠটিকে এখন খেলার জন্য প্রস্তুত করার পাশাপাশি মাঠটিকে সজ্জিতকরণ করা হচ্ছে নতুন মোড়কে।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টে যে ষোলটি দল অংশ নিচ্ছে তারা হলো-আমঝুপি ইউনিয়নের চাঁদবিল শেরেবাংলা ক্লাব, কুতুবপুর ইউনিয়ন একাদশ, শ্যামপুর ইউনিয়ন একাদশ, বাগোয়ান ইউনিয়ন একাদশ, মোনাখালি ইউনিয়ন একাদশ, দারিয়াপুর ইউনিয়ন একাদশ, কাথুলি ইউনিয়ন একাদশ, তেঁতুলবাড়িয়া ইউনিয়নের রামদেবপুর ফ্রেন্ডস ক্লাব, আমঝুপি ক্লাব ও লাইব্রেরি, ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিপি), গাংনী ফুটবল একাডেমি, আমদহ ইউনিয়নের গোলাম রহমান স্মৃতিসংঘ, ধানখোলা ইউনিয়নের চিৎলা জাগরনী ক্লাব, কোলা ইলেভেন স্টার ক্লাব, মটমুড়া ইউনিয়নের বাওট শাপলা ক্লাব ও বুড়িপোতা ইউনিয়নের শালিকা টাইগার ক্লাব।